আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৫৬২ প্রকাশকাল: ১৫-০৬-২০২৫ ইং

তালবিয়া না পড়ে মীকাতের ভেতর প্রবেশকারীর করণীয়

প্রশ্ন:

আমার পরিচিত এক ভাই উমরার উদ্দেশ্যে রওনা হয়ে ইহরামের কাপড় পরে তালবিয়া না পড়েই মীকাতের ভেতর প্রবেশ করে ফেলেন। অবশ্য পরে উমরার তাওয়াফের আগে তালবিয়া পড়ে নেন। এখন তার করণীয় কী?

-আবদুল বাসির

উত্তর: তালবিয়া পড়া ছাড়া ইহরাম হয় না। ইহরামের জন্য হজ বা উমরার নিয়তে তালবিয়া পড়া জরুরি। যেহেতু তিনি তালবিয়া পড়া ছাড়া মীকাতে ঢুকে গেছেন, তাই তার উপর আবশ্যক ছিল মীকাতে ফিরে গিয়ে উমরার নিয়তে তালবিয়া পড়ে মীকাতে প্রবেশ করা। এমনটা করলে তার উপর দম ওয়াজিব হতো না। কিন্তু তিনি যেহেতু মীকাতে ফিরে না গিয়ে উমরা করে ফেলেছেন, তাই তার উপর একটি দম ওয়াজিব। -শরহু মুখতাসারুত তাহাবী: ২/৫১৭ (দারুল বাশায়িরিল ইসলামিয়াহ); আল-হিদায়া: ১/১৭২ (দারু ইহয়ায়িত তুরাস; আল-মুহিতুল বুরহানী: ২/৪৩৬ (দারুল

কুতুবিল ইলমিয়্যাহ); আল-ইখতিয়ার: ১/১৪২ (মাতবাআতুল হালাবী, কায়রো); আল-বাহরুর রায়েক: ৩/৫২ ও ২/৩৩২ (দারুল কিতাবিল ইসলামী); রদ্দুল মুহতার: ২/৪৮২ (দারুল ফিকর)

উল্লেখ্য, দম অর্থ কুরবানীর উপযুক্ত একটি পশু আল্লাহর নামে যবেহ করা। দমের পশু হেরেমে মক্কীর সীমানার ভেতরে জবাই করা জরুরি। হেরেমের বাইরে জবাই করলে দম আদায় হবে না। দমের পশুর গোশত গরীবের হক, তাই তা পুরোটা সাদাকা করে দিতে হবে। দম আদায়কারী তা থেকে ভক্ষণ করতে পারবে না। -আল-মাবসুত, সারাখসী: ৪/৭৫ (দারুল মারিফাহ); ফাতহুল কাদীর: ৩/৪১ (দারুল ফিকর); মাজমাউল আনহুর: ১/৩১০ (দারু ইহয়ায়িত তুরাস); রদ্দুল মুহতার: ২/৬১৬ (দারুল ফিকর)।

فقط، والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২১-১১-১৪৪৬ হি.
২০-০৫-২০২৫ ঈ.